



සරසවි පාලන සමාජය (පුද්ගල)

සරසවි පාලන සමාජය

**Job Category:** NGO/Development

**Job Source:** සරසවි පාලන සමාජය

## Job Summary

**Posted On:** 20 Jan 2025

**Application Deadline:** 27 Jan 2025



# SKS নিয়োগ বিজ্ঞপ্তি

এসকেএস ফাউন্ডেশন জাতীয় পর্যায়ে একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ রসিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী ২৭ জানুয়ারী ২০২৫ ইং তারিখ অফিস সময়ের মধ্যে এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০ ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহ্বান করা যাচ্ছে। এছাড়াও [hr@sk-s-bd.org](mailto:hr@sk-s-bd.org) এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। পরীক্ষা গ্রহণের ভেন্যু হবে ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী ও গাইবান্ধা জেলা।

১. ফিল্ড অফিসার- (৩০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স- সর্বনিম্ন ২৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২০,৯৩০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৬,০৬০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

২. ফিল্ড এ্যাসিস্ট্যান্ট- (৩০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ন্যূনতম অনার্স/ডিগ্রি পাস। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স- সর্বনিম্ন ২৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ১৮,৮৮০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৪,৮৬০/- এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

৩. ট্রেইনি ফিল্ড স্টাফ- (৫০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ন্যূনতম অনার্স/ডিগ্রি পাস। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে। মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: প্রশিক্ষণকালীন সময়ে মাসিক সম্মানী হবে সর্বসাকুল্যে ১০,০০০/-। সন্তোষজনক ভাবে দুই (২) মাস প্রশিক্ষণকাল সমাপ্ত করার পর সংস্থার নিয়ম অনুযায়ী বেতন ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা এবং ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চ কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা প্রদান করা হবে। উল্লেখ্য যে, সকল পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ও অনলাইন আবেদনের জন্য ভিজিট করুন: <https://www.sk-s-bd.org/index.php/career>

বি: দ্র: খামের উপরে এবং আবেদনপত্রের উপরে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

উপ-পরিচালক  
মানব সম্পদ